প্রতিদিন অন্তত একবার বোর্ডের ওয়েব সাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (শর্টকোর্স শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
Web site : www.bteb.gov.bd

## বিজ্ঞপ্তি

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩৩.০০১.১৯.৪৬৬ তারিখ ঃ ২৬-১১-২০১৯ খ্রিঃ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ১ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেডিকেল টেকনোলজি এবং সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং ও সার্টিফিকেট ইন এনিমেল হেলথ এন্ড প্রডাকশন শিক্ষাক্রমের (জুলাই-জুন ২০১৯-২০২০ সেশন) ১ম পর্ব সমাপনি পরীক্ষা **২০-০১-২০২০ খ্রিঃ** তারিখ সোমবার হতে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান পরীক্ষাকেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে।

পরীক্ষার সময়সূচি অত্র বোর্ডের ওয়েব সাইটে (**www.bteb.gov.bd**) যথাসময়ে দেয়া হবে। এছাড়া পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে জানা যাবে।

১ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেডিকেল টেকনোলজি এবং সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং ও সার্টিফিকেট ইন এনিমেল হেলথ এন্ড প্রডাকশন শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান মোতাবেক উক্ত কোর্সের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক ও মান বন্টন অনুযায়ী ১ম পর্ব সমাপনি পরীক্ষা গ্রহণ করা হবে।

১। **পরীক্ষার তথ্যাদি ঃ**

২০১৯-২০২০ (জুলাই-জুন) শিক্ষাবর্ষে ১ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেডিকেল টেকনোলজি এবং সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং ও সার্টিফিকেট ইন এনিমেল হেলথ এন্ড প্রডাকশন শিক্ষাক্রমের প্রথম পর্বে অধ্যয়নরত সকল ছাত্র-ছাত্রী নিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য হবে।

২। **পরীক্ষার ফি ও Online-এর মাধ্যমে ফরম পূরণের নিয়মাবলি ঃ**

**২.১** পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী পরীক্ষার্থীগণকে অত্যন্ত সাবধানতার সাথে Online-এ ফরম পূরণ করতে হবে।

**২.২** সকল তথ্য ইংরেজিতে পূরণ করতে হবে।

৩। **পরীক্ষার ফি ও অন্যান্য ফি সমূহের হার নিম্নরূপ ঃ**

| | | |
|---|---|---|
| ১ | পরীক্ষার ফি | ২২৫.০০ |
| ২ | কেন্দ্র ফি | ২২৫.০০ |

❖ **প্রত্যেক পরীক্ষার্থীর নিকট হতে পরীক্ষার ফি ও কেন্দ্র ফি বাবদ ৪৫০/-(চারশত পঞ্চাশ ) টাকা হারে আদায় করতে হবে। বোর্ড নির্ধারিত ফি ব্যতীত অতিরিক্ত ফি গ্রহণ করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে।**

৪। **শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক Online-এর হার্ড কপি প্রেরণ ও পরীক্ষা ফি বোর্ডে জমা প্রদানের নিয়মাবলি ঃ**

৪.১ Online -এ ভুল তথ্যে পরীক্ষার্থীদের বিবরণ পূরণ করা হলে তার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৪.২ Online- এর মাধ্যমে পূরণকৃত ডাটা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৪.৩ অসম্পূর্ণ অথবা ভুল তথ্যবিশিষ্ট Online-এর হার্ড কপি সরাসরি নাকচ করা হবে এবং এ জন্য অত্র অফিস দায়ী থাকবে না।

৪.৪ প্রতি পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফি বাবদ আদায়কৃত ২২৫/- টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে প্রদানকরতঃ তৎপরিবর্তে সংগৃহীত ড্রাফটি পরীক্ষার্থীদের তালিকার সাথে অবশ্যই বোর্ডে প্রেরণ করতে হবে। ড্রাফটি সোনালী ব্যাংকের আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে। অথবা সোস্যাল ইসলামী ব্যাংক লায়ন্স চক্ষু হাসপাতাল, আগারগাঁও, ঢাকা শাখায়ও ব্যাংক ড্রাফট করা যাবে।

৪.৫ কেন্দ্র ফিসহ অন্যন্যা ফি বাবদ আদায়কৃত অর্থ (ক্রঃ নং ৩ অনুযায়ী) শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্র "ফি তহবিল" ব্যাংক একাউন্টে জমা থাকবে এবং পরীক্ষা সংক্রান্ত সকল স্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানি/পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই অত্র অফিসের জারিকৃত প্রবর্তিত সম্মানি/পারিশ্রমিকের হার অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয় ও ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিবের বরাবরে প্রেরণ করতে হবে।

৪.৬ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার চেক, পোস্টাল অর্ডার বা ট্রেজারি চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য হবে না।

৪.৭ অত্র অফিসে প্রেরণের পূর্বে Online-এর মাধ্যমে পূরণকৃত হার্ড কপি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট নথি পত্রের সাথে নির্ভুলভাবে পরীক্ষা করে ট্রেড অনুযায়ী শ্রেণি বিন্যাস করে আলাদাভাবে সাজিয়ে তালিকা প্রণয়ন করতে হবে। এর কোন ব্যতিক্রম গ্রহণযোগ্য হবে না।

৪.৮ প্রতি বিষয়ের পরীক্ষার্থীর সংখ্যা সম্বলিত একটি মুখপত্র সংযোজন করা আবশ্যক।

৪.৯ নিম্ন ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

| online-এর মাধ্যমে পরীক্ষার্থীদের ফরম পূরণের তারিখ | শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার ফরম পূরণকারী পরীক্ষার্থীদের তালিকা প্রিন্ট ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | শিক্ষা প্রতিষ্ঠানে ৩০০/- বিলম্ব ফিসহ ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | ২৩-১২-২০১৯ খ্রিঃ তারিখের ব্যাংক ড্রাফট ও ২৬-১২-২০১৯ খ্রিঃ তারিখের বিলম্ব ফিসহ অন্যান্য কাগজপত্র বোর্ডে জমা দেয়ার তারিখ | নির্ধারিত তারিখের পরে ব্যাংক ড্রাফট করে জমাদানের ক্ষেত্রে অতিরিক্ত ২৫০০/-প্রদান করতে হবে। | অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১০-১২-২০১৯খ্রিঃ হতে ১৯-১২-২০১৯ খ্রিঃ | ২৩-১২-২০১৯ খ্রিঃ | ২৬-১২-২০১৯খ্রিঃ | ২৯-১২-২০১৯খ্রিঃ হতে ৩০-১২-২০১৯ খ্রিঃ | ০২-০১-২০২০ খ্রিঃ | ১৩-০১-২০২০ খ্রিঃ হতে ১৪-০১-২০২০ খ্রিঃ |

৪.১০ পরীক্ষা সংক্রা প্রয়োজনীয় কাগজপত্র এবং পরীক্ষার্থীদের Online-এর কপি (এন্ট্রিফরম) একজন দায়িত্বশীল কর্মকর্তা/রেজিস্ট্রার বা সমপর্যায়ে কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

**৪.১১ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক (দৃষ্টি আকর্ষণ ঃ মোঃ সুলতান হোসেন, উপ পরীক্ষা নিয়ন্ত্রক), শর্ট কোর্স শাখা, বোর্ড ভবনের পিছনে ৫ম তলা বিল্ডিং-র ৪র্থ তলা,বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবরে প্রেরণ করতে হবে।**

৫। <u>অন্যান্য শর্তাবলি ঃ</u>

৫.১ পরীক্ষার্থীদের Online-এর কপি এবং ফি সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না। পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফি এর অর্থ একটি ড্রাফট এর মাধ্যমে ও Online-এর হার্ড কপি সমূহ ৪.৮ অনুচ্ছেদ মোতাবেক প্রণীত বিবরণসহ একটি ফরোয়াডিং এর মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে। ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়াডিং এর মাধ্যমে Online-এর কপি প্রেরণ করা বর্জন করতে হবে।

৫.২ নির্ধারিত সময় সীমার মধ্যে Online-এর হার্ড কপি অত্র বোর্ডে জমা করতে হবে এবং সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে কোন প্রকারের উদ্বিগ্নতা ও বিড়ম্বনা হতে পরিত্রাণের লক্ষ্যে Online-এর হার্ড কপি ও ব্যাংক ড্রাফট ৪.৯ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণই শ্রেয় ও সমীচিন।

৫.৩ প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক Online-এর হার্ড কপি পূরণের সময়ে অত্র বিজ্ঞপ্তি পরীক্ষার্থীদেরকে পুরোপুরি ওয়াকিবহাল করার লক্ষ্যে পরীক্ষার তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদেরকে অবহিত করা সর্বোত্তম।

৫.৪ পরীক্ষার অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র অবশ্যই পরীক্ষার শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে অত্র বোর্ডে ফেরত দিতে হবে। অন্যথায় উত্তরপত্র প্রতি ১০০/-(একশত) টাকা ও অতিরিক্ত উত্তরপত্র প্রতি ৫০/-(পঞ্চাশ) টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।

**স্বাক্ষরিত**
**(ড. প্রকৌশলী সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭
ফোন ঃ ৯১১৩২৮৩, ০১৭১৪০৭৫৮৩৮

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩৩.০০১.১৯.৪৬৬(৯৮) তারিখ ঃ ২৬-১১-২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য ও সেবা অধিদপ্তর, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **নিয়মিত এবং অনিয়মিত পরীক্ষার্থীদের ০৯-০১-২০২০ খ্রিঃ তারিখের পূর্বে এ্যাডমিড কার্ড প্রিন্টপূর্বক পরীক্ষা শাখায় প্রেরণ করাসহ বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের জন্য আপনাকে অনুরোধ করা হলো।**
৬। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **আগামী ০৯-০১-২০২০ খ্রিঃ তারিখের মধ্যে রেজিষ্ট্রেশন কার্ড সরবরাহের জন্য অনুরোধ করো হলো।**
৭। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান অনুযায়ী উক্ত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, প্রেরণ এবং এতদসংক্রান্ত কাযার্দি সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।**
৮। মূল্যায়ন কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **(১৩-০১-২০২০ খ্রিঃ হতে ১৪-০১-২০২০ খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে লিখুবিহীন উত্তরপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো)**
১১। সহকারি প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩-৯৬। অধ্যক্ষ/পরিচালক ,স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান।
৯৭। নোটিশ বোর্ড, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ।
৯৮। নথি।

**(মোঃ সুলতান হোসেন)**
উপ পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
মোবাইল ঃ ০১৭১৫-১০৮৫৪৯, ০১৬৩২৪৮৬০৬৪